
# ওয়েব সাইটঃ


ওয়েবসাইট হলো কোন ওয়েবসার্ভারে রাখা ওয়েব পেজ, ছবি, অডিও, ভিডিও ও তথ্যের সমষ্টিকে বুঝায়, যা ইন্টারনেট বা ল্যানের মাধ্যমে এক্সেস করা যায়। বিবিএস এর চলমান আর্থ-সামাজিক অবস্থার চিত্র ইন্টারনেট এর মাধ্যমে বিশ্ববাসীর কাছে পৌছানোর লক্ষ্যে মে, ১৯৯৮ সালে ন্যাশনাল ডাটা ব্যাংক প্রকল্পের মাধ্যমে একটি Static Website করা হয় যার Web Address ছিল http://www.bangla.net/ndb/। উক্ত Website "Information Services Network (ISN) Limited" নামে একটি বেসরকারী ISP প্রতিষ্ঠানের domain space ভাড়া নিয়ে upload করা হয়। বর্ণিত Website বিবিএস এর প্রথম Website।


পরবর্তীতে সরকারী সিদ্ধান্তের আলোকে এবং বিজ্ঞান ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অফিস আদেশ মোতাবেক ২০০৬ সালে বিবিএস এর domain name পরিবর্তন করে www.bbs.gov.bd করা হয়। বিবিএস এর Optical Data Archive & Networking (১ম পর্যায়) প্রকল্পের মাধ্যমে অক্টোবর, ২০১০ সালে Static Website হতে Dynamic website তৈরী করে বিবিএস এর নিজস্ব web server এ hosting করা হয়।



সবশেষে কম্পিউটার উইংয়ের ডাটা রিকভারী ও সংরক্ষণ কর্মসূচীর মাধ্যমে ২০১৩ সালে Dynamic website পরিবর্তন/পরিবর্ধন করে তা বিবিএস এর নিজস্ব web server এ hosting করা হয়।




বিবিএস কর্তৃক প্রণীত সকল ধরণের পরিসংখ্যান প্রকাশ ও ব্যপকভাবে ডিসেমিনের লক্ষ্যে ওয়েবসাইটে তা নিয়মিতভাবে আপলোড করা হয়।

**ওয়েব পোর্টাল/ জাতীয় তথ্য বাতায়ন**

জাতীয় তথ্য বাতায়ন বিশ্বের (ওয়েব পোর্টাল) অন্যতম বৃহত্তম তথ্য বাতায়ন যা বাংলাদেশের সকল সরকারি অফিসের তথ্য দ্বারা সমৃদ্ধ । সরকারি উদ্যোগে ২৫,০০০ সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইট একসূত্রে সংযুক্ত করার নজির বিশ্বের বুকে সর্বপ্রথম বাংলাদেশেই স্থাপিত হয়েছে। এই ওয়েব পোর্টালকে বাংলাদেশের প্রবেশদ্বার বলা হয় কেননা এই পোর্টালের মাধ্যমে দেশের সরকারি সকল অফিসের সাথে সহজে যোগাযোগ করা যায় এবং সেই সকল অফিস হতে প্রদত্ত সেব সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যায়।


একটা নির্দিষ্ট ফ্রেমওয়ার্কের আওতায় দেশের সকল সরকারি ওয়েবসাইট নির্মাণ করা হয়েছে। রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করা; কেন্দ্র অর্থাৎ মন্ত্রণালয়/বিভাগ থেকে শুরু করে মাঠ পর্যায় পর্যন্ত তথ্য প্রবাহ নিশ্চিত করা; জাতীয় তথ্য বাতায়ন সেবামুখী ও ব্যবহারকারী বান্ধব এবং সহজে হালনাগাদযোগ্য করা হয়েছে। তথ্য অধিকার আইন অনুযায়ী অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করা যায়। দেশের ইতিহাস-ঐতিহ্যকে তুলে ধরা এবং জনগণের চাহিদামাফিক সহজে তথ্য প্রাপ্তি নিশ্চিত করার জন্যই জাতীয় তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে। শুধু জাতীয় তথ্য বাতায়ন নয় প্রত্যেকটি বাতায়নের জন্য আলাদা আলাদা address/ঠিকানা আছে। তবে একটি মাত্র ঠিকানা মনে রেখেই সকল বাতায়নের সুবিধা পাওয়া সম্ভব। যেমনঃ www.bangladesh.gov.bd এই ঠিকানা থেকেই সকল বাতায়নে surf করার সুবিধা জাতীয় বাতায়নে রাখা হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের নেতৃত্ব ও তত্বাবধানে কুমিল্লা জেলায় ছোট পরিসরে পরীক্ষামূলকভাবে এটি শুরু হলেও ক্রমেই এর ব্যাপ্তি বিশাল হয়ে এখন ২৫ হাজার সাইটের অনন্য এক তথ্য ভান্ডারে পরিণত হয়েছে।


সে লক্ষ্যে এটুআই এর সহযোগীতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েব পোর্টাল নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে এবং ওয়েব পোর্টাল নির্মাণ সমাপ্তির পর এটুআই এবং বিসিসির সহায়তায় এটি ০৬/১১/২০১৬ইং তারিখে হোস্টিং হয়েছে।

Website/Webportal

# বিবিএস ওয়েবপোর্টালের Home page এর চিত্র নিম্নরূপঃ






প্রতিদিনই কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্য বিবিএস এর webportal এ আপলোড করা হয়।